

■■ রম্যানের দায়িত্ব-কর্তব্য (ইবন রজব আল-হাম্বলী রহ. এর 'লাতায়িফুল মা'আরিফ' অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিশিষ্ট: শাওয়ালের ছয়টি সাওম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

শাওয়ালের ছয়টি সাওম

আবু আইয়ুব আনসারী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, «مَنْ صَامَ رَمَضَانَ ثُمَّ أَتْبَعَهُ سِتًا مِنْ شُوَّالِ، كَانَ كَصِيام الدَّهْنِ».

"রমযান মাসের সাওম পালন করে পরে শাওয়াল মাসে ছয় দিন সাওম পালন করা সারা বছর সাওম রাখার মতো"।[1]

সাওবান রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

"রমযানের সাওম পালন করা দশ মাস সাওম পালনের সমান আর শাওয়ালের ছয়টি সাওম পালন বছরের অবশিষ্ট দু'মাস সাওম পালন করার সমান।"[2]

আবু হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

"রমযান মাসের সাওম পালন করে পরে শাওয়াল মাসে ছয় দিন সাওম পালন করে সে যেন সারা বছর সাওম পালন করল"।[3]

তাবরানী ইবন উমার রাদিয়াল্লাহু 'আনহুমা থেকে বর্ণনা করেছেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

"রমযান মাসের সাওম পালন করে পরে শাওয়াল মাসে ছয় দিন সাওম পালন করে সে যেন সদ্য মায়ের গর্ভ থেকে ভূমিষ্ট হওয়া নিষ্পাপ হয়ে গেল"।[4] পরিশেষে রাব্বুল আলামীন আল্লাহর প্রশংসা করছি এবং দুরূদ ও সালাত বর্ষিত হোক মুহাম্মাদ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবার-পরিজন ও তার সাহাবীদের ওপর।

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হাদীস নং ১১৬৪।

- [2] সুনান নাসাঈ আল-কুবরা, হাদীস নং ২৮৭৩। আলবানী রহ. হাদীসটিকে সহীহ বলেছেন।
- [3] আবু দাউদ, হাদীস নং ২৪৩৩। আলবানী রহ. হাদীসটিকে সহীহ বলেছেন।
- [4] তাবরানী আওসাত, হাদীস নং ৮৬২২।
- Source https://www.hadithbd.com/books/link/?id=9803

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন